# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৯৫

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৪৪. অযুর জন্য যতটুকু পানি যথেষ্ট

باب مَا يُجْزِئُ مِنَ الْمَاءِ فِي الْوُضُوءِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الصَّبَّاحِ الْبَزَّازُ، حَدَّثَنَا شَرِيكٌ، عَنْ عَبْدِ اللهِ بْنِ عِيسَى، عَنْ عَبْدِ اللهِ بْنِ جَبْرٍ، عَنْ أَنَسٍ قَالَ كَانَ النَّبِيُّ صلي الله عليه وسلم يَتَوَضَّأُ بِإِنَاءٍ يَسَعُ رَطْلَيْنِ وَيَغْتَسِلُ بِالصَّاعِ . قَالَ أَبُو دَاوُدَ رَوَاهُ يَحْيَى بْنُ آدَمَ، عَنْ شَرِيكٍ قَالَ: عَنِ ابْنِ جَبْرِ بْنِ عَتِيكٍ، قَالَ: وَرَوَاهُ سُفْيَانُ، عَنْ عَبْدِ اللهِ بْنِ عِيسَى حَدَّثَنِي جَبْرُ بْنُ عَبْدِ اللهِ . قَالَ أَبُو دَاوُدَ: وَرَوَاهُ شُعْبَةُ قَالَ: حَدَّثَنِي عَبْدُ اللهِ بْنُ عَبْدِ اللهِ بْنِ جَبْرٍ سَمِعْتُ أَنَسًا إِلَّا أَنَّهُ قَالَ يَتَوَضَّأُ بِمَكُّوكٍ، وَلَمْ يَذْكُرْ رَطْلَيْنِ. قَالَ أَبُو دَاوُدَ وَسَمِعْتُ أَحْمَدَ بْنَ حَنْبَلٍ يَقُولُ: الصَّاعُ خَمْسَةُ أَرْطَالٍ وَهُوَ صَاعُ ابْنِ أَبِي ذِئْبٍ وَهُوَ صَاعُ النَّبِيِّ صلي الله عليه وسلم .

ـ ضعيف : إلا قوله : ( كَانَ يَتَوَضَّأُ بِمَكُّوكٍ) : صحيح : ق

বাংলা

৯৫। আনাস (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি পাত্রের পানি দিয়ে অযু করতেন, তাতে পানি ধরত দু’ রতল পরিমাণ। আর তিনি গোসল করতেন এক ’সা’ পানি দিয়ে। ’আব্দুল্লাহ ইবনু জাবর (রাঃ) বর্ণনা করেনঃ আমি আনাস (রাঃ)-সূত্রে শুনেছি, তিনি বলেছেন, তিনি এক ’মাক্কুক’ (বা এক মগ) পানি দিয়ে অযু করতেন, দু’ রতলের কথা উল্লেখ নেই।

ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, আমি আহমাদ ইবনু হাম্বালকে বলতে শুনেছি, পাঁচ রতলে এক ’সা’ হয়। আবূ দাউদ বলেন, এটা হচ্ছে ইবনু আবূ যি’ব-এর ’সা’। আর এটাই হচ্ছে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ’সা’।[1]

দুর্বল : তবে তার বক্তব্য ’’তিনি এক মাক্কুক পানি দিয়ে অযু করতেন’’ এটি সহীহ।

## English

Anas reported :
The Prophet (ﷺ) performed ablution with a vessel which contained two rotls (of water) and took a bath with a sa' (of water).1

Abu Dawud Said : This tradition has berated on the authority of Anas through a different chain. This version mentions: "He performed ablution with one makkuk. "It makes no mention of two rotls. 2

Abu Dawud said : This tradition has also been narrated by Yahya b. Adam from Sharik. But this chain mentions Ibn Jabr b. 'Atik instead of ' Abd Allah b. Jabr.

Abu Dawud Said : This tradition has also been narrated by Sufyan from 'Abd Allah b. 'Isa. This chain mentions the name Jabr b. 'Abd Allah instead of 'Abd Allah b. Jabr.
Abu Dawud Said : I heard Ahmad b. Hanbal say : one sa' measures five rotls. It was the sa' of Ibn Abi Dhi'b and also of the Prophet (ﷺ).

ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ উযু, অনুঃ পানি দ্বারা উযু করা, হাঃ ২০১), মুসলিম (অধ্যায়ঃ হায়িয, অনুঃ জানাবাতের গোসলের জন্য যে পরিমাণ পানি ব্যবহার মুস্তাহাব) ইবনু জারব থেকে আনাস সূত্রে।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57413

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন